মেহেরপুর জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১৮ জুলাই) বিকেল ৪টায় চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত রোমাঞ্চকর ফাইনালে আমদহ ইউনিয়ন ১-০ গোলে বুড়িপোতা ইউনিয়নকে পরাজিত করে শিরোপা জিতে নেয়।

ম্যাচের একমাত্র গোলটি করেন আমদহ ইউনিয়নের তুষার। তার নেওয়া দুর্দান্ত ফ্রিকিক থেকেই জয়সূচক গোলটি আসে। অসাধারণ নৈপুণ্য প্রদর্শনের জন্য ম্যাচসেরা খেলোয়াড় নির্বাচিত হন শামীম।

ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধর। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ও পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক মো. সাহিদুল ইসলাম, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব মো. রাকিবুল হাসান রিপন, সদর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ও মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাব্বারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের রাজনৈতিক সেক্রেটারি মো. আজমাইন হোসেন, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সচিব এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ।

খেলা শেষে প্রধান অতিথি ইউএনও বাবলু সূত্রধর চ্যাম্পিয়ন আমদহ ইউনিয়ন ও রানার্সআপ বুড়িপোতা ইউনিয়নের খেলোয়াড়দের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেন।

বৃষ্টিমুখর আবহাওয়া উপেক্ষা করে মাঠে হাজারো ফুটবলপ্রেমী দর্শকের উপস্থিতি খেলায় ভিন্নমাত্রা যোগ করে। দর্শকদের উৎসাহ-উদ্দীপনায় পুরো মাঠ ছিল প্রাণবন্ত।

[redacted]

[redacted]

খেলাধুলার মাধ্যমেই গড়ে উঠবে মাদকমুক্ত সমাজ

মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেছেন, আজ যারা খেলায় অংশগ্রহণ করবেন এবং যারা খেলা উপভোগ করবেন, সবাইকে আমি মাদককে ‘না’ বলার আহ্বান জানাই। শুধু খেললেই হবে না, আমাদের সবাইকে মাঠে এসে খেলাধুলাকে উৎসাহিত করতে হবে।

আমরা সবাই মিলে খেলা দেখব এবং সব সময় মাঠকে প্রাণবন্ত রাখব।

শিক্ষার্থীরা লেখাপড়ার পাশাপাশি নিয়মিত খেলাধুলা করবে অথবা খেলা উপভোগ করবে। তাহলেই আমাদের স্লোগান ‘মাদককে না বলি, সবাই মিলে খেলতে চলি’ বাস্তবে সফল করা সম্ভব হবে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল সোমবার বিকেল ৫টায় চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠে জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান প্রধান অতিথির বক্তব্যে এসকল কথা বলেন তিনি। এ সময় তিনি বেলুন উড়িয়ে এবং ট্রফি উন্মোচনের মাধ্যমে খেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধর ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান।

বাবলু সূত্রধর বলেন, এ ধরনের ফুটবল টুর্নামেন্টের আয়োজন আমাদের সমাজকে মাদকের ভয়াবহতা থেকে দূরে রাখতে এবং তরুণদের খেলাধুলায় উদ্বুদ্ধ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

যারা খেলায় অংশগ্রহণ করেছেন, তারা সবাই হার-জয়কে খেলাধুলার স্বাভাবিক অংশ হিসেবে মেনে নেবেন। পাশাপাশি খেলোয়াড়, আয়োজক ও দর্শকদের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ এবং শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানাই।

অ্যাড. কামরুল হাসান বলেন, এই ফুটবল টুর্নামেন্টের মাধ্যমে আমরা মেহেরপুরকে মাদকমুক্ত করতে চাই। আমাদের বিশ্বাস, খেলাধুলার প্রসার তরুণদের মাদক থেকে দূরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মাদকের ভয়াবহতা অনেক সময় সিগারেটের মতো ক্ষতিকর অভ্যাস থেকে

শুরু হয়। তাই খেলোয়াড়, ক্রীড়াপ্রেমী এবং সমাজের প্রতিটি মানুষের উচিত ধূমপান ও মাদক থেকে দূরে থাকা। আসুন, সবাই মিলে খেলাধুলাকে উৎসাহিত করি এবং একটি সুস্থ, সুন্দর ও মাদকমুক্ত সমাজ গড়ে তুলি।

এছাড়াও এসময় পৌর ডিগ্রী কলেজের অধ্যক্ষ ও সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাহবুব উল আলম প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা জামায়াতে ইসলামীর সূরা কমিটির সদস্য ও সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম, জেলা ক্রীড়া সংস্থার সদস্যসচিব রাকিবুল হাসান রিপন, সদর উপজেলা ক্রীড়া সংস্থার সদস্যসচিব আয়ুব হোসেন, চাঁদবিল শেরে বাংলা ক্লাবের সভাপতি মাজেদ আলীসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ক্রীড়া সংগঠক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ম্যাচে বুড়িপোতা ইউনিয়ন ১-০ গোলে পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে সেমিফাইনালে ওঠে।

ম্যাচের দ্বিতীয়ার্ধের ২৪তম মিনিটে বদলি খেলোয়াড় সোলায়মান জয়সূচক গোলটি করেন। ডি-বক্সের বাইরে থেকে শামীমের নেওয়া ফ্রি-কিক আনমার্ক অবস্থানে থাকা সোলায়মানের কাছে পৌঁছালে তিনি প্রথম স্পর্শেই জোরালো শটে বল জালে পাঠান। তার করা একমাত্র গোলেই বুড়িপোতা ইউনিয়ন মূল্যবান জয় তুলে নিয়ে সেমিফাইনালে নিজেদের স্থান নিশ্চিত করে।

দ্বিতীয় ম্যাচ অনুষ্ঠিত হবে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে, যেখানে শ্যামপুরের প্রতিপক্ষ কুতুবপুর। তৃতীয় ম্যাচে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে বারাদি ও আমদহ একে অপরের মুখোমুখি হবে।

আয়োজক সূত্রে জানা গেছে, প্রথম ম্যাচের বিজয়ী ও দ্বিতীয় ম্যাচের বিজয়ী ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে প্রথম সেমিফাইনালে খেলবে। তৃতীয় ম্যাচের বিজয়ী ও আমঝুপি ইউনিয়নের গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠের বিজয়ী দল দ্বিতীয় সেমিফাইনালে অংশ নেবে।

ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়

মাঠে, যেখানে দুই সেমিফাইনালের বিজয়ী দল শিরোপার জন্য লড়বে।

আজ শুরু হচ্ছে মেহেরপুর জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট

“মাদককে না বলি, সবাই মিলে খেলতে চলি” প্রতিপাদ্যে মেহেরপুর জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের ২০২৬ উদ্বোধন আজ অনুষ্ঠিত হবে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে আজ সোমবার বিকেল ৪টায় চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠে টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মুখোমুখি হবে বুড়িপোতা ও পিরোজপুর। দ্বিতীয় ম্যাচ অনুষ্ঠিত হবে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে, যেখানে শ্যামপুরের প্রতিপক্ষ কুতুবপুর। তৃতীয় ম্যাচে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে বারাদি ও আমদহ একে অপরের মুখোমুখি হবে।

আয়োজক সূত্রে জানা গেছে, প্রথম ম্যাচের বিজয়ী ও দ্বিতীয় ম্যাচের বিজয়ী ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে প্রথম সেমিফাইনালে খেলবে। তৃতীয় ম্যাচের বিজয়ী ও আমঝুপি ইউনিয়নের গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠের বিজয়ী দল দ্বিতীয় সেমিফাইনালে অংশ নেবে।

ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে, যেখানে দুই সেমিফাইনালের বিজয়ী দল শিরোপার জন্য লড়বে। তরুণ সমাজকে মাদক থেকে দূরে রেখে খেলাধুলার প্রতি আগ্রহী করে তুলতেই এ টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে।

ঝিনাইদহে আর্জেন্টিনা-ব্রাজিল সমর্থকদের মধ্যে সংঘর্ষ, আহত ১

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার চাচড়া গ্রামে আর্জেন্টিনা-ব্রাজিল সমর্থকদের সংঘর্ষে মামুন হোসেন নামের (২২) এক যুবক আহত হয়েছেন।

বুধবার (৮ জুলাই) রাত ২ টার দিকে এ ঘটনা ঘটে ।

জানা গেছে, গতকাল রাতে আর্জেন্টিনা-মিশর খেলার শেষ হওয়ার পরে আর্জেন্টিনা-ব্রাজিল সমর্থকরা খেলার রেফারিং নিয়ে তর্কে জড়িয়ে পড়ে এবং হাতিহাতি শুরু হয়। এর পরে তা সংঘর্ষে রুপ নেয় । এ সংঘর্ষের ঘটনায় বেশ কয়েকজন আহত হয়। আহতদেরকে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয় এবং আর্জেন্টিনার সাপোর্টার গুরুতর আহত মামুন হোসেনকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয় ।

কালিগঞ্জ থানা ওসি জেল্লাল হোসেন জানান, এ বিষয়ে এখনও কেউ অভিযোগ দেয়নি । অভিযোগ পেলে তদন্ত স্বাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে ব্যতিক্রমী আর্জেন্টিনা সাইকেল, মেসিপ্রেমে আলোচনায় সোহাগ

হাড়ভাঙা পরিশ্রমের জীবন। পেশায় টাইলস মিস্ত্রি। কিন্তু ফুটবলের প্রতি অগাধ ভালোবাসাই তাকে এনে দিয়েছে ভিন্ন পরিচিতি। নিজের বাইসাইকেলকে আর্জেন্টিনা ও বাংলাদেশের পতাকার রঙে সাজিয়ে নাম

দিয়েছেন ‘আর্জেন্টিনা সাইকেল’।

মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামের বাসিন্দা লিও সোহাগ প্রতিদিন কাজে যাতায়াত করেন এই সাইকেলেই। তবে এটি সাধারণ কোনো সাইকেল নয়। পুরো সাইকেলজুড়ে রয়েছে আর্জেন্টিনার আকাশী-সাদা রং, বাংলাদেশের জাতীয় পতাকা এবং ফুটবল তারকা লিওনেল মেসির ছবি। দূর থেকেই সাইকেলটি পথচারীদের দৃষ্টি কাড়ে।

সোহাগ আলী জানান, গত দুই বিশ্বকাপ ধরে তিনি নিজের সাইকেলটি এভাবেই সাজিয়ে আসছেন। ছোটবেলা থেকেই তিনি আর্জেন্টিনা দলের সমর্থক এবং লিওনেল মেসির একজন বড় ভক্ত। প্রিয় দল ও প্রিয় খেলোয়াড়ের প্রতি ভালোবাসা প্রকাশ করতেই ব্যক্তিগত খরচে সাইকেলটি সাজিয়েছেন।

তিনি বলেন, “যেখানেই যাই, মানুষ আমার ‘আর্জেন্টিনা সাইকেল’ দেখে থেমে যায়। অনেকে ছবি তোলে, আবার অনেকে প্রশংসা করেন। এতে আমার খুব ভালো লাগে।”

সোহাগের এই ব্যতিক্রমী উদ্যোগ স্থানীয়দের মাঝেও ব্যাপক আগ্রহ সৃষ্টি করেছে। প্রতিদিনই বিভিন্ন বয়সের মানুষ তার সাইকেল দেখতে ভিড় করেন এবং ছবি তোলেন।

সোহাগের বন্ধু মাহফুজ রহমান বলেন, “তিনি একজন শ্রমজীবী মানুষ হলেও অত্যন্ত সৌখিন। ফুটবলের প্রতি তার ভালোবাসা সত্যিই অনন্য। আমরা চাই, তিনি প্রতি বিশ্বকাপেই এভাবে সাইকেল সাজিয়ে ফুটবলপ্রেম ছড়িয়ে দিন।”

স্থানীয় বাসিন্দা সুজন আলী বলেন, “গত দুই বিশ্বকাপ ধরেই সোহাগ তার সাইকেলটি এভাবে সাজিয়ে আসছে। বিষয়টি আমার খুব ভালো লাগে। আশপাশের মানুষও তাকে নিয়ে আলোচনা করেন। তার এই উদ্যোগ আমাদের এলাকাকে আলাদাভাবে পরিচিত করেছে।”

ফুটবলপ্রেম আর সৃজনশীলতার অনন্য মেলবন্ধনে সোহাগ আলীর ‘আর্জেন্টিনা সাইকেল’ এখন মেহেরপুরের মানুষের কাছে এক ব্যতিক্রমী আকর্ষণে পরিণত হয়েছে।

মেহেরপুরের মল্লিক পাড়াই আলামিন স্পোর্টসের উদ্বোধন

বিশ্বকাপ উপলক্ষে ফুটবলপ্রেমীদের জন্য বিভিন্ন দেশের জাতীয় দল ও জনপ্রিয় ক্লাবের জার্সি সুলভ মূল্যে সরবরাহের লক্ষ্যে মেহেরপুরে যাত্রা শুরু করেছে আলামিন স্পোর্টস।

বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুর শহরের মল্লিকপুকুর এলাকায় ফিতা কেটে দোকানটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

দোকানটির স্বত্বাধিকারী মো. আল আমিন জানান, বিশ্বকাপ উপলক্ষে বিভিন্ন দেশের জাতীয় দলের জার্সির পাশাপাশি জনপ্রিয় ক্লাবগুলোর জার্সিও তাঁর প্রতিষ্ঠানে পাওয়া যাবে। ক্রেতাদের জন্য মানসম্মত পণ্য সুলভ মূল্যে সরবরাহের চেষ্টা করা হবে।

তিনি আরও বলেন, বিশ্বকাপের উন্মাদনায় ফুটবলপ্রেমীদের পছন্দের জার্সি সহজলভ্য করতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি ভবিষ্যতেও বিভিন্ন ধরনের স্পোর্টস সামগ্রী বিক্রির পরিধি আরও সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় ব্যবসায়ী, ক্রীড়াপ্রেমী এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার এডহক কমিটির অনুমোদন

আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার ৭ সদস্য বিশিষ্ট এডহক কমিটির অনুমোদন দিয়েছে জাতীয় ক্রীড়া পরিষদ। জাতীয় ক্রীড়া পরিষদের নির্বাহী পরিচালক দৌলতুজ্জামান খানের স্বাক্ষরিত এক আদেশ নামায় এই এডহক কমিটির অনুমোদন দেওয়া হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শাহীনুর আক্তারকে সভাপতি ও

হারুনূর রশিদ মন্ডলকে সদস্য সচিব করে ৭ সদস্য বিশিষ্ট এডহক কমিটির অনুমোদন দেওয়া হয়।

বাকী সদস্যরা হলেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ,কৃষি কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা, যুব উন্নয় কর্মকর্তা, মহিলা বিষয়ক কর্মকর্তা ও শরিফুল ইসলাম পিন্টু।

গত ৮ ই জুন জাতীয় ক্রীড়া পরিষদের আদেশে এই এডহক কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে গনতান্ত্রিক পক্রিয়ায় নির্বাচনের মধ্যদিয়ে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করবে।

এছাড়াও স্থানীয় ক্রীড়ার কার্যক্রমকে গতিশীল, সুগঠিত ও কার্যকর ভূমিকা পালন করবে বলে ক্রীড়া সংশ্লিষ্টরা মনে করেন।

এছাড়াও এই কমিটি বর্তমান ক্রীড়া পরিচালনা, ক্রীড়া প্রতিযোগিতা আয়েজন করা, খেলার মান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করা এবং যুব সমাজকে খেলার মাঠে আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য বিশেষ ভূমিকা রাখবে বলে অনেকেই মন্তব্য করেছেন।

আলমডাঙ্গা ক্রীড়াঙ্গনে মামুনুর রশীদ মন্ডল দীর্ঘদিন ধরে কার্যকর ভূমিকা পালন করে আসছে। সেই সাথে শরিফুল ইসলাম পিন্টু খেলার মাঠে অগ্রণী ভূমিকা পালন করতে দেখা যায়।

আলমডাঙ্গার সুধীমহল ও ক্রীড়ামোদী মানুষ তাদের দুজনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

ঝিনাইদহে ব্রাজিল ফুটবল সমর্থক গোষ্ঠীর র্যালী ও শোভাযাত্রা

‎“ভাতৃত্বের বন্ধন অটুট রাখি, ফুটবল বিশ্বকাপ উপভোগ করি” এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ব্রাজিল ফুটবল সমর্থকদের র্যালী- শোভাযাত্রা ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১২ জুন) সকাল ১১টার দিকে স্থানীয় ওয়াজির আলী স্কুল

এন্ড কলেজ মাঠ থেকে ব্রাজিল সমর্থক গোষ্ঠির আয়োজনে এ র্যালী ও শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। র্যালিতে শহরের বিশিষ্ট চিকিৎসক, সাংবাদিক, রাজনীতিবিদ, ব্যবসায়ি, জনপ্রতিনিধি, শিক্ষক ও শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার ব্রাজিল সমর্থক অংশ নেন।

‎এ সময় সমর্থকেরা ব্রাজিলের প্লেয়ার এবং ফুটবল ও বিশ্বকাপ নিয়ে নানা শ্লোগান দিতে থাকেন। র্যালীটি স্থানীয় শহরের পোষ্ট অফিস মোড়, পায়রাচত্তর ঘুরে আবারও ওয়াজির আলী স্কুলের সামনে গিয়ে শেষ হয়।

‎এ সময় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ব্রাজিল সমর্থক গোষ্টির আহবায়ক সাংবাদিক রাজিব হাসান, সদস্য সচিব মোহাম্মদ আল মামুন, যুগ্ম আহবায়ক রাকিবুল ইসলাম বাপ্পি ও সাংবাদিক ইমন হাসানসহ অন্যান্যরা।

ক্রীড়াচর্চাই হোক যুবসমাজের ঢাল

মাদকের ছোবল, মোবাইল গেম ও জুয়ার আসক্তি ধীরে ধীরে গ্রাস করছে দেশের ভবিষ্যৎ প্রজন্মকে। শহর থেকে গ্রাম — কোথাও এ সমস্যা থেকে মুক্তি নেই। এই প্রেক্ষাপটে ঢাকাস্থ মেহেরপুর জেলা সমিতি এবং মেহেরপুর এমকেএসপির যৌথ উদ্যোগে আয়োজিত স্টার কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৬-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তাদের আহ্বান — যুবসমাজকে মাদক ও জুয়া থেকে দূরে রাখতে ক্রীড়াচর্চার প্রসার ঘটাতে হবে — অত্যন্ত সময়োপযোগী এবং তাৎপর্যপূর্ণ।

সুস্থ বিনোদন ও শারীরিক পরিশ্রমের অভাবে তরুণরা অনেক সময় বিপথগামী হয়। মাদক ও জুয়া শুধু একটি ব্যক্তির জীবন নষ্ট করে না, বরং একটি পরিবারকে ভেঙে দেয়, সমাজে অস্থিরতা তৈরি করে এবং দেশের উৎপাদনশীলতাকে দুর্বল করে তোলে। এ সমস্যা কেবল আইন-শৃঙ্খলার দৃষ্টিকোণ থেকে দেখলে চলবে না; এর সমাধান খুঁজতে হবে সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তনের মধ্য দিয়ে।

ক্রীড়াচর্চা এ ক্ষেত্রে একটি শক্তিশালী হাতিয়ার। খেলাধুলা